

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 06-03-25**

**Time: 7-35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠক আজ শুরু হতে চলেছে।
- ২) চলতি বছরের প্রথম দু মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরি প্রায় তিনশো ওয়ুধ কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের গুণমান পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছে।
- ৩) রাজ্যে শিল্পে বিনিয়োগ আনতে মার্চের শেষ সপ্তাহে ব্রিটেন যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়েও তিনি ভাষন দেবেন।
- ৪) দেউচা পাচামী কয়লা খনিতে খননকার্যকে ঘিরে জটিলতার সৃষ্টি হয়েছে। কাজ বন্ধ করে দিয়েছেন আদিবাসী মহিলাদের একাংশ।
- ৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনায় কলকাতা হাইকোর্ট রাজ্য সরকারকে বিস্তারিত রিপোর্ট জমা দিতে বলেছে।  
এদিকে, এই ঘটনার প্রেক্ষিতে শিক্ষামন্ত্রীকে জেড ক্যাটাগরির নিরাপত্তা দিচ্ছে রাজ্য সরকার।

৬) AFC চ্যালেঞ্জ লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল ০-১ গোলে তুর্কমেনিস্তানের ক্লাব এফ সি আর্কাদাগের কাছে পরাজিত হয়েছে।

---

ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠক আজ শুরু হতে চলেছে। কলকাতার একটি পাঁচতারা হোটেলে বাংলাদেশ থেকে আসা ১১ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে কেন্দ্রীয় প্রতিনিধি দল, রাজ্য সরকারের সেচ এবং জনশক্তি দফতরের সচিব সহ ভারতীয় দলের সদস্যরা বৈঠকে বসবেন। সকাল ১০ টা থেকে শুরু হওয়া এই বৈঠক থেকে গঙ্গা-পদ্মা জল চুক্তির পুনর্বীকরণ সহ বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হতে পারে। তার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে চলা নদীগুলির সমস্যা নিয়ে আলোচনা। দুই দেশের সচিব পর্যায়ের বৈঠকের পর এই বিষয়টি নিয়ে ছয় সদস্যের একটি টেকনিক্যাল কমিটি গঠিত হতে পারে। সেখানে দুই দেশের প্রতিনিধিরা থাকবেন। এই টেকনিক্যাল কমিটি আগামীকাল বৈঠক করবে। কমিটি, আগামী তিনমাসের মধ্যে এই চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ করবে বলে খবর।

---

চলতি বছরের প্রথম দু মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরি প্রায় তিনশো ওষুধ  
কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের গুণমান পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি। এর মধ্যে এরাজ্যের  
একাধিক সংস্থার ওষুধ রয়েছে। বাজার থেকে এইসব ওষুধের নমুনা নিয়ে পরীক্ষা  
চালায় কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা। পরীক্ষার পর সেগুলিকে 'নট ফর স্ট্যান্ডার্ড  
কোয়ালিটি ড্রাগস' ঘোষণা করা হয়েছে। অনুত্তীর্ণ ওষুধের তালিকায় নামী সংস্থার বহুল  
প্রচলিত ব্র্যান্ডের একাধিক ওষুধ রয়েছে বলে রিপোর্টে প্রকাশ করা হয়েছে। যে কারণে  
চিকিৎসক সমাজের পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও উদ্বেগ ছড়িয়েছে। একটি  
প্রতিবেদন

(ভিসি- অভিজ্ঞপ)

---

রাজ্য শিল্প বিনিয়োগ আনতে মার্চের শেষ সপ্তাহে ব্রিটেন যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা  
ব্যানার্জি। সেই সঙ্গে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে তিনি বক্তব্য রাখবেন। নবান্ন সূত্রের খবর,  
দুবাই হয়ে তিনি লন্ডন পৌঁছেবেন ২১ মার্চ। ২৮ মার্চ পর্যন্ত সেখানে থাকবেন। পরদিন  
তাঁর কলকাতায় ফেরার কথা। চলতি মাসের ২৫ তারিখ পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম,  
ফিকি এবং ইউকে ইন্ডিয়া বিজনেস কাউন্সিলের সঙ্গে মিলিত উদ্যোগে আয়োজিত শিল্প  
সম্মেলনে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী। এরাজ্যের প্রথম সারির শিল্পপতিরাও ওই

সম্মেলনে যোগ দেবেন। ২৭ তারিখ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে অ্যালমনাই অ্যাসোসিয়েশনের তরফ থেকে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর বক্তব্য রাখার কথা। গত নভেম্বরে বিশ্ব বাণিজ্য সম্মেলনে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রো ডাইস চ্যাপেলের জোনাথন মিচি মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছিলেন।

---

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগে ক্যাজুয়াল ভিত্তিক নিয়ো পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত। আকাশবাণীর সোশ্যাল মিডিয়াতে তা পাওয়া যাচ্ছে। দফতরের রিসেপশন এবং নিউজ রুমের নোটি বোর্ডে তালিকা টাঙানো রয়েছে।

---

বীরভূমের দেউচা পাঁচামি কয়লাখনি পরিদর্শনে যাওয়া মানবাধিকার সংগঠনের কর্মীদের গতকাল প্রবল হেনস্তার মুখে পড়তে হয়েছে বলে অভিযোগ উঠেছে। গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি বা APDR এর পক্ষ থেকে বীরভূমের জেলাশাসকের কাছে এই মর্মে লিখিত অভিযোগও দায়ের করা হয়েছে। কলকাতায় ফিরে সংগঠনের সভাপতি রাংতা মুলি আকাশবাণীকে বলেন, তিলপাড়া ব্যারেজ পেরিয়ে শেওরাকুরি মোড়ে প্রায় ১৫০ জনের একটি দল তাঁদের গাড়ি আটকে দেয় এবং মদ্যপ অবস্থায় গালিগালাজ করতে থাকে। ফাঁকা মাঠে ঘিরে রেখে ভূমকি দেওয়া হয় বলেও অভিযোগ।

এদিকে ঘটনাস্তুল থেকে তরুণ পরিবেশকর্মী জুই কোলে আমাদের প্রতিনিধিকে জানান, পুলিশ প্রশাসন মানুষকে ভুল বুঝিয়ে জমি দখলের চেষ্টা করছে। কয়েকদিন ধরে চান্দা ও সাগরবান্ডি গ্রামে আদিবাসী মানুষ একত্রিত হয়ে কয়লা খনির কাজ বন্ধ করতে আন্দোলন করছে।

বাইট জুই কোলে।

উল্লেখ্য, দেউচা-পাঁচামিতে

খননের

কাজ

বন্ধ

করে গতকাল বিক্ষোভ দেখান সাগরবাঁধি গ্রামের আদিবাসী মহিলাদের একাংশ।

তাঁরা নিজেদের ভিটেমাটি ছাড়বেন না বলেও জ্ঞোগান তোলেন।

দেউচা পাচামীর আন্দোলনকারী এবং মানবাধিকার সংগঠনের কর্মীদের ওপর আক্রমণের ঘটনার তীব্র নিন্দা করেছে অল ইন্ডিয়া লইয়ার্স অ্যাসোসিয়েশন ফর জাস্টিস। সংগঠনের সম্পাদক আইনজীবী দিবাকর ভট্টাচার্য বলেন, খননকাজ বন্ধ করার পর এলাকায় বিশাল পুলিশ বাহিনী নামানো হয়েছে। গতকাল ইন্টারনেট পরিষেবাও বন্ধ করে দেওয়া হয়। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে এরফলে যোগাযোগ করা যাচ্ছেনা বলেও তিনি জানান।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত পয়লা মার্চ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে ঘিরে কি  
ঘটেছিল, সে ব্যাপারে বিস্তারিত রিপোর্ট জমা দেবার জন্য কলকাতা হাইকোর্ট রাজ্য  
সরকারকে নির্দেশ দিয়েছে। বিচারপতি তীর্থকুর ঘোষ তাঁর পর্যবেক্ষণে  
জানিয়েছেন, পুলিশের পক্ষ থেকে ঐদিন কোনোরকম গাফিলতি ছিল কিনা, তা' খতিয়ে  
দেখতে হবে। কোনো সাংবিধানিক কর্তৃপক্ষের অত্যন্ত কাছে কিভাবে এতো জমায়েত  
হতে পারে, তা' নিয়ে প্রশ্ন তুলে বিচারপতি ঘোষ বলেন, এই ভিড় সম্পর্কে গোয়েন্দাদের  
কাছে খবর না থাকলে, আগামীদিনে পরিস্থিতি প্রতিবেশী দেশের মতো হবে। বিভিন্ন  
অভিযোগে পুলিশী নিষ্কায়তার বিরুদ্ধে কিছু পড়ুয়ার দায়ের করার পিটিশনের শুনানিতে  
গতকাল বিচারপতি বলেন, পশ্চিমবঙ্গের অন্য কোথাও যাতে এই ঘটনার পুনরাবৃত্তি না  
হয়, তা' লক্ষ রাখতে হবে। মামলাকারীদের আইনজীবী পরে সাংবাদিকদের বলেন,  
বিচারপতি তাঁর পর্যবেক্ষণে রাষ্ট্রকে রাষ্ট্রের মতই কাজ করার নির্দেশ দিয়েছেন।

## বাইট

এদিকে, যাদবপুরে গত শনিবার বিশ্ববিদ্যালয় চতুরে অশান্তির পর শিক্ষা মন্ত্রী ব্রাত্য  
বসুর নিরাপত্তা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। স্বরাষ্ট্র দপ্তর এখন থেকে তাঁকে  
জেড ক্যাটেগরির নিরাপত্তা দেবে। এতদিন তিনি ওয়াই ক্যাটেগরির নিরাপত্তা পেতেন।

মালদার চামাগ্রাম উচ্চ বিদ্যালয়ে গতকাল উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের তল্লাশির সময় কয়েকজন পরীক্ষক নিঃস্বত্ত্ব হওয়ার ঘটনায় উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ রিপোর্ট তলব করেছে। প্রাথমিক রিপোর্টের ওপর ভিত্তি করে এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে, সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানিয়েছেন।

উল্লেখ্য, গতকাল উচ্চমাধ্যমিকের ইংরেজী পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চালানোর সময় এই ঘটনা ঘটে। চামাগ্রাম উচ্চ বিদ্যালয়ে সিট পড়েছিল কান্দি টোলা হাই মাদ্রাসা, চর সুজাপুর হাইস্কুল এবং পারলানপুর হাইস্কুলের পাদুয়াদের। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়।

শিক্ষক-শিক্ষা কর্মীদের শারীরিক নিগরের নিন্দা করেছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি। সরকার কোনো অবস্থাতেই এই পরিস্থিতির দায় এড়াতে পারে না বলেও সংগঠনের তরফে জানানো হয়েছে।

---

পশ্চিম মেদিনীপুরের গড়বেতা থানার ব্যানার্জী ডাঙা উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে এক পরীক্ষার্থীর কাছ থেকে গতকাল মোবাইল ফোন উদ্ধার হওয়ায় তাকে পরীক্ষায় বসতে দেওয়া হয়নি। গতকাল উচ্চ মাধ্যমিকের ইংরেজী পরীক্ষা শুরুর কিছুক্ষণের মধ্যে ঐ ছাত্রী ধরা পড়ে যায়। জানা গেছে, গত বছর সে একই বিষয়ে অকৃতকার্য হয়েছিল। তাই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য অসদ উপায় অবলম্বন করতে ফোন নিয়ে কোনোভাবে

চুকে পড়ে সে। তবে মোবাইল উদ্বারের পর তাকে আর পরাক্ষা দিতে দেওয়া হয়নি। তার খাতা বাতিলেরও সুপারিশ করা হয়েছে। এদিকে, পশ্চিম বর্ধমানের কোকওভেন থানার ঘূসিকড়ঙ্গা এলাকায় গত সন্ধ্যায় এক উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীর ঝুলন্ত দেহ উদ্বার হয়েছে। সরিতা রজক নামে সগরভাঙ্গা হিন্দী হাইকুলের ছাত্রী পরীক্ষার পর বাড়ি ফিরে পড়তে বসে। কিছুক্ষণ বাদে তাঁর ঝুলন্ত দেহ উদ্বার করে পরিবারের লোকজন।

---

আন্তর্জাতিক নারী দিবসের আগে নারীর ক্ষমতায়নের বিভিন্ন দিক নিয়ে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে আকাশবাণী কলকাতা। 'শক্তিরূপেণ-অন্তর্নিহিতশক্তিমুক্তি' শীর্ষক এই অনুষ্ঠানে গতকাল অংশ নেন বিভিন্ন স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়েরছাত্র-ছাত্রী, এনজিও প্রতিনিধিরা, নাটক থিয়েটার গ্রুপের সদস্যরা। এই উপলক্ষে আয়োজিত এক আলোচনা চক্রে নিজের অধিকার এবং মর্যাদা প্রতিষ্ঠা করতে নারীকেই সক্রিয় হতে হবে এবং নিজের আত্মমর্যাদা বোধকে জাগিয়ে তুলতে হবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অংশ নিয়ে চিত্রপরিচালক ও অভিনেতা সুদেষণা রায় বলেন, যে যেকাজেই যুক্ত থাকুন প্রতিটি ক্ষেত্রেই সমান মর্যাদা আছে তেবে কাজ করলে হীনম্যন্তায় ভুগতে হবে না।

অন্যদের সঙ্গে আলোচনায় অংশ নেন পদ্মশ্রী প্রতিকগা গোস্বামী, অধ্যাপক সবুজকলি সেন ও নৃত্যশিল্পী অলকানন্দা রায়। আলোচনা শেষে প্রশ্নোত্তর প্রতিযোগিতায় অংশ নেন উপস্থিত সকলেই।

আকাশবাণী কলকাতার, ডেপুটিডিরেক্টর (প্রোগ্রাম) ড. মৌসুমি চট্টোপাধ্যায় বলেন, "মহিলাদের ক্ষমতায়ন শুধু বাধা ভাঙার বিষয় নয়, এটি সুযোগ তৈরি, নিরাপত্তা নিশ্চিত করার বিষয়। আকাশবাণী কলকাতার প্রোগ্রাম এক্সিকিউটিভ, শুভায়ন বালা অতিথিদের স্বাগত জানান।

---

যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল AFC চ্যালেঞ্জ লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল ০-১ গোলে তুর্কমেনিস্তানের ক্লাব এফ সি আর্কাদাগের কাছে পরাজিত হয়েছে। খেলার ১০ মিনিটে গুর্বানভ গোল করেন। প্রথম পর্বের কোয়ার্টার ফাইনালে হারের ফলে ইস্টবেঙ্গলের সেমিফাইনালে ওঠার লড়াই কঠিন হয়ে গেল। আগামী ১২ ই মার্চ কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় পর্বের ম্যাচটি হবে হবে তুর্কমেনিস্তানে।

---